

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ছাত্রছাত্রীরা হল ছেড়েছে
ছাত্রলীগের ১৩ ক্যাডারের
বিরুদ্ধে মামলা দায়ের

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরোঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পুলিশের উপর গুলিবর্ষণের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ছাত্রলীগের শাহ আমানত হল শাখার সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদকসহ ১৩ জন ছাত্রলীগ ক্যাডারের বিরুদ্ধে অস্ত্র আইনে হাটহাজারি থানায় মামলা করা হয়েছে। এদিকে গতকাল সকালেই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রছাত্রীরা হল ত্যাগ করেছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রাখা হয়।

বৃহস্পতিবার শাহ আমানত হলে ছাত্রলীগের দুই প্রতিদ্বন্দ্বী বন্দুকধারীর গুলিবর্ষণের ফলে ৪ পুলিশসহ ৫০ জন আহত হয়। ২ ঘণ্টা ধরে বন্দুকযুদ্ধের পর রাতে সিভিকের জরুরি সভায় বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা এবং গতকাল সকাল ১০টার মধ্যে ছাত্রছাত্রীদের আবাসিক হল ত্যাগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গতকাল ক্যাম্পাসে সিভিকের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়।

আমাদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদ-

দাতা জানান, গতকাল হাটহাজারি থানায় বৃহস্পতিবার বন্দুকযুদ্ধের ঘটনায় জড়িত ১৩ জনের বিরুদ্ধে মামলা রুজু করা হয়। পুলিশ বাদি হয়ে এই মামলা করে। মামলায় যাদের আসামি করা হয়েছে তাদের মধ্যে রয়েছে ছাত্রলীগের আমানত হল শাখার সভাপতি মাহবুবুর রহমান, সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন তপন, সাংগঠনিক সম্পাদক শহীদুল ইসলাম, ছাত্রলীগ ক্যাডার সোহেল, গোপাল কৃষ্ণপাল, মানিক, চপল, শফিকুল ইসলাম, কায়সারুজ্জামান আজাদ, বাহার, পারভেজ, মুন্না ও ফোরকান। এদের মধ্যে ৬ জনকে বৃহস্পতিবার সন্ধ্যায় হল তলাশির সময় গ্রেফতার করা হয়।